16

ভোরের কাগজ

তারিখ ... JUL. 5 1999
পৃষ্ঠা ২ কলাম ৬

## প্রতি শব্দ একশ টাকা

কাগজ ডেস্ক : বিশিষ্ট অর্থনীতিবিদ আব্দুল বায়েস বলেছেন, জাতীয় সংসদের কার্যক্রম পরিচালনায় যে অর্থ ব্যয় হয় তাতে দেখা গেছে, সাংসদদের বক্তব্যের প্রতিটি শব্দের খরচ দাঁড়ায় প্রায় ১০০ টাকা। এজন্য এখানে উচ্চারিত প্রতিটি শব্দেরই গুরুত্ব থাকা উচিত বলে তিনি মন্তব্য করেন। সাংসদদের অসংসদীয় ও অশালীন শব্দ ব্যবহার নিয়ে সম্প্রতি যে বিতর্কের সৃষ্টি হয়েছে, তার পরিপ্রেক্ষিতে বিবিসিকে নিজের প্রতিক্রিয়া জানিয়ে এ কথা বলেন অর্থনীতিবিদ বায়েস। অধ্যাপক বায়েস জানান, তিনি হিসাব করে দেখেছেন সংসদে প্রতি মিনিটে খরচ হয় ১৫ হাজার টাকা। এক মিনিটে একজন সাংসদ ১৬০টি শব্দ উচ্চারণ করতে পারেন। ফলে প্রতি শব্দের দাম দাঁড়ায় প্রায় ১০০ টাকা।